গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ক্ষেতলাল, জয়পুরহাট

নম্বরঃ ৩১.৫০.৩৮৫৮.০০০.০৫.০০৩.২৫-১৯২ তারিখঃ ২৪/০৩/২০২৫ খ্রি.

## ২০ একরের নিম্নে সরকারি খাস পুকুর ইজারার দরপত্র আহব্বান বিজ্ঞপ্তিঃ

এতদ্বারা নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/নিবন্ধনকৃত মৎস্য চাষে সম্পৃক্ত সমবায় সমিতির অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভূমি মন্ত্রণালয় ১০ মার্চ ২০২৫ খ্রি তারিখে ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২৫.২৪-১৮৮ নং স্মারকপত্রের আলোকে সরকারি জলমহাল ইজারা নিমিত্ত ম্যানুয়াল আবেদন গ্রহণের জন্য সরকার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। ক্ষেতলাল উপজেলাধীন ইজারাযোগ্য অনুমোদিত তালিকায় বর্ণিত সরকারি জলমহাল/খাসপুকুর বাংলা ১৪৩২ সনের ১লা বৈশাখ হতে ১৪৩৪ সনের ৩০ চৈত্র পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের লক্ষ্যে সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি-২০০৯ এর শর্ত মোতাবেক নির্ধারিত ফরমে আবেদনপত্র আহব্বান করা যাচ্ছে। জলমাহাল ইজারা সংক্রন্ত বিস্তারিত তথ্যাদি সহকারী কমিশনার (ভূমি) ক্ষেতলাল, জয়পুরহাট এর কার্যালয় হতে অফিস চলাকালীন সময়ে দেখা ও জানা যাবে।

প্রকাশ থাকে যে, অনুমোদিত অনলাইনে প্রদত্ত তালিকায় ইজারাযোগ্য জলমহাল সংযোজন বা বিয়োজন হতে পারে।

### আবেদনপত্র দাখিলের ক্যালেন্ডার

| আবেদনপত্র বিক্রয়ের শেষ তারিখ | আবেদনপত্র দাখিলের তারিখ ও সময় | আবেদনপত্র গ্রহণ বাক্স খোলার তারিখ ও সময় | আবেদনপত্রের মূল্য (অফেরৎযোগ্য) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ২৭/০৩/২০২৫ হতে ০৯/০৪/২০২৫ অফিস চলাকালীন (১ম বার) | ১০/০৪/২০২৫ বেলা ০১.০০ টা পর্যন্ত | ১০/০৪/২০২৫ বেলা ০৩.০০ টা | ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট | ক্যালেন্ডারসূচি মোতাবেক আবেদন পত্র সমূহ অফিস চলাকালীন জেলা প্রশাসকের কার্যালয় রাজস্ব শাখা জয়পুরহাট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ক্ষেতলাল ও সহকারী কমিশনার ভূমি ক্ষেতলাল জয়পুরহাট এর কার্যালয় হতে ক্রয় ও দাখিল করা যাবে। উল্লেখ্য কোন পুকুরের দর অনুমোদিত হলে পরবর্তীতে সেই পুকুরের জলমহালের আবেদন গ্রহণ দাখিল করা যাবে না। |

শর্তাবলীঃ

১. জলমহাল/পুকুরসমূহ ১৪৩২ সনের ১লা বৈশাখ হতে ১৪৩৪ সনের ৩০ চৈত্র পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য ইজারা দেয়া হবে।

২. সমিতি/সংগঠনের রেজিস্ট্রেশন নম্বর ও তারিখসহ রেজিস্ট্রেশন কর্তৃপক্ষের হালনাগাদ প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে।

৩. সমিতি/সংগঠনের গঠনতন্ত্র, নির্বাচিত সভাপতি ও সাধারণ সম্পাদকের নাম, ঠিকানা ও ছবি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি এবং পুকুর ইজারা গ্রহণের সিদ্ধান্ত সম্বলিত সভার কার্যবিবরণী, সদস্যদের নামের তালিকা ও ঠিকানা এবং নির্বাচিত নির্বাহী/কার্যকরী কমিটির তালিকা (ঠিকানাসহ), জলমহালে মৎস্য চাষের সুষ্ঠু পরিকল্পনা/রূপরেখা, হালনাগাদ ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট, হাল সন পর্যন্ত অডিট রিপোর্ট ও টিআইএন নম্বর (যদি থাকে) সংযুক্ত করতে হবে।

৪. ইতিপূর্বে কোন জলমহাল বন্দোবস্ত গ্রহণ করেছেন কিনা, করে থাকলে কোন রাজস্ব বকেয়া আছে কিনা তা উল্লেখ করতে হবে।

৫. আবেদনকারী সমিতি/সংগঠনের নামে সার্টিফিকেট মামলা/অন্য কোন আদালতে মামলা আছে কিনা থাকলে তার বর্তমান অবস্থা কী জানাতে হবে।

CamScanner

৬. আবেদন ফি বাবদ সোনালী ব্যাংক, ক্ষেতলাল শাখা হতে উপজেলা সহকারী কমিশনার (ভূমি), ক্ষেতলাল বরাবর ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট (অফেরৎযোগ্য) জমা দিয়ে আবেদনপত্র সংগ্রহ করতে হবে।

৭. সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি' ২০০৯ অনুযায়ী জামানত হিসাবে ইজারা মূল্যের ২০% হিসেবে উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার (ভূমি), ক্ষেতলাল, জয়পুরহাট বরাবর যে কোন তফসিল ব্যাংক থেকে ব্যাংক ড্রাফট আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৮. আবেদনপত্রে কোন প্রকার ঘষা, মাজা বা কাটাকাটি বা লেখার উপর লেখা আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

৯. অনুমোদিত ইজারা মূল্যের উপর ১৫% ভ্যাট এবং ১০% আয়কর জমা দিতে হবে।

১০. দাখিলকৃত দর অনুমোদিত হলে ইজারার টাকা পত্র প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে জমা দিতে হবে।

১১. খামের উপরে পুকুরের নাম এবং তফশীল স্পষ্টভাবে লিখতে হবে।

১২. প্রতিটি পুকুরের জন্য আলাদা আলাদাভাবে সীলমোহরকৃত খামে আবেদনপত্র দাখিল করতে হবে।

১৩. সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি' ২০০৯ এর যাবতীয় শর্তাবলী, মৎস্য আইন এবং আবেদনপত্রের যাবতীয় শর্তাবলী প্রতিপালন করতে হবে।

১৪. কাঙ্খিত দর না পাওয়া পর্যন্ত ইজারা কার্যক্রম অব্যাহত থাকবে।

১৫. কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কোনভাবেই পুকুরের পরিবর্তন/পরিবর্ধন/পুকুরপাড়ে অবস্থিত গাছ কর্তন করা যাবে না।

১৬. ক্যালেন্ডারসূচি অনুসারে প্রয়োজনবোধে দরপত্র গ্রহণ অব্যাহত থাকবে। তবে কোন পুকুরের দাখিলকৃত দর অনুমোদিত হলে পরবর্তীতে উক্ত পুকুরের জন্য আবেদন/দরপত্র দাখিল করা যাবে না।

১৭. ইজারাযোগ্য অনুমোদিত পুকুরের তালিকা নোটিশ বোর্ডে অথবা অফিস চলাকালীন সময়ে দেখা ও জানা যাবে।

১৮. পুকুরের বাস্তব অবস্থা সরেজমিনে দেখে আবেদনপত্র/দরপত্র দাখিল করতে হবে।

১৯. জলমহাল ব্যবস্থাপনা নীতি' ২০০৯ এর শর্ত মোতাবেক কোন সমিতি ০২ (দুই) টির বেশি পুকুর ইজারা গ্রহণ করতে পারবে না।

২০. ইজারা বিজ্ঞপ্তিতে অন্তর্ভুক্ত কোন পুকুরের মালিকানা নিয়ে জটিলতা থাকলে/আদালতের কোন মামলা/নিষেধাজ্ঞা থাকলে কর্তৃপক্ষ ইজারা কার্যক্রম বাতিল/স্থগিত করতে পারবেন।

২১. ইজারাকৃত পুকুরের মা মাছ নিধন করা যাবে না।

২২. ইজারা দেয়া কোন পুকুর ভুলক্রমে তালিকায় অন্তর্ভুক্ত হলে তা বাদ যাবে এবং ইজারাযোগ্য কোন পুকুর ভুলক্রমে তালিকা ভুক্ত না হলে পরবর্তী ডাকের পূর্বে তালিকা ভুক্ত করা হবে ।

২৩. কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন আবেদনপত্র/দরপত্র বা সকল আবেদনপত্র/দরপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

২৪/০৩/২৫

(আসিফ আল জিনাত)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ক্ষেতলাল, জয়পুরহাট

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
ক্ষেতলাল, জয়পুরহাট

নম্বরঃ ৩১.৫০.৩৮৫৮.০০০.০৫.০০৩.২৩-১০০ তারিখঃ ২৪/০৩/২০২৫ খ্রি.

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১। জেলা প্রশাসক, জয়পুরহাট

০২। পুলিশ সুপার, জয়পুরহাট

০৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), জয়পুরহাট

০৪। প্রশাসক, উপজেলা পরিষদ, ক্ষেতলাল, জয়পুরহাট ও উপদেষ্টা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, ক্ষেতলাল, জয়পুরহাট

০৫। উপজেলা নির্বাহী অফিসার, ক্ষেতলাল, জয়পুরহাট

০৬। প্রশাসক, ক্ষেতলাল পৌরসভা, ক্ষেতলাল, জয়পুরহাট

০৭। উপজেলা ------------------------------------------- অফিসার, ক্ষেতলাল, জয়পুরহাট

০৮। অফিসার ইনচার্জ, ক্ষেতলাল থানা

০৯। চেয়ারম্যান ....................................ইউনিয়ন পরিষদ, ক্ষেতলাল, জয়পুরহাট। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।

১০। ইউনিয়ন ভূমি সহকারী কমকর্তা, .......................................... ইউনিয়ন ভূমি অফিস, ক্ষেতলাল, জয়পুরহাট। বিজ্ঞপ্তিটি হাট বাজার সমূহে ও জনবহুল স্থানে বহুল প্রচার অন্তে প্রতিবেদন দেয়ার জন্য বলা হলো। ক্যালেন্ডার সূচি মোতাবেক যে সকল পুকুর ইজারা হবে না সে সকল পুকুর সরকারের দখলে রাখার জন্য বলা হলো।

১১। জনাব ...............................................................................

১২। অফিস কপি/ নোটিশ বোর্ড।

২৪/০৩/২৫

(জিন্নাতুল আরা)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ক্ষেতলাল, জয়পুরহাট

CamScanner